**রেজিস্টার্ড নং ডি এ-১** **“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুন ৩০, ২০২১**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ৩০ জুন, ২০২১

নিম্নলিখিত বিলটি ১৬ আষাঢ়, ১৪২৮ মোতাবেক ৩০ জুন, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২১/২০২১

## ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য আনীত বিল

যেহেতু ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **২০২১-২০২২ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৭৯২৯১২,৯৫,০৯,০০০ (সাত লক্ষ বিরানব্বই হাজার নয়শত বারো কোটি পঁচানব্বই লক্ষ নয় হাজার) টাকা প্রদান।**—২০২২ সনের


**মূল্য :** টাকা ৮.০০

৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **৭৯২৯১২,৯৫,০৯,০০০ (সাত লক্ষ বিরানব্বই হাজার নয়শত বারো কোটি পঁচানব্বই লক্ষ নয় হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ২৯,৬৭,০০ | ০ | ২৯,৬৭,০০ |
| ০১ | জাতীয় সংসদ | ৩৩৫,৩৯,০০ | ৭৫,০০ | ৩৩৬,১৪,০০ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৩৯০৭,৭৯,২৫ | ৩৯০৭,৭৯,২৫ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ২৩৮,৫৩,০০ | ২৩৮,৫৩,০০ |
| | বাংলাদেশ সুপ্রিম কোর্ট | ২২৫,১০,০০ | ০ | ২২৫,১০,০০ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ১০১০,৬১,০০ | ৭১৮,২৮,০০ | ১৭২৮,৮৯,০০ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৩৮২৯,৩৯,০০ | ৩৮২৯,৩৯,০০ |
| ০৬ | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন | ৭৯,০৩,০০ | ৩৬,১৬,০০ | ১১৫,১৯,০০ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৭ | অর্থ বিভাগ | ২১৫৭৩২,১৩,০০ | ১০৪০৬০,৫৯,২৩ | ৩১৯৭৯২,৭২,২৩ |
| | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ২৮৩,৫১,০০ | ০ | ২৮৩,৫১,০০ |
| ০৮ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ৩১২৩,৬৬,০০ | ৩১২৩,৬৬,০০ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ২৫৫৯,৪৭,০০ | ২৫৫৯,৪৭,০০ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ২১০৩৮,৬২,০০ | ৩৯২,৭৬,০০ | ২১৪৩১,৩৮,০০ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ১১৩২,৯১,০০ | ১১৩২,৯১,০০ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ২৫৭,০২,০০ | ২৫৭,০২,০০ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ১৬৭৩,০৭,০০ | ১৬৭৩,০৭,০০ |
| ১৪ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৬৮৩,৪৮,০০ | ৬৮৩,৪৮,০০ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৬৫৫,৮৩,০০ | ১৬৫৫,৮৩,০০ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ৩৭৬৯০,৯৪,৫০ | ৩৭৬৯০,৯৪,৫০ |
| ১৭ | সশস্ত্রবাহিনী বিভাগ | ০ | ৪৩,৬০,০০ | ৪৩,৬০,০০ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ১৮১৪,৭৬,০০ | ১৮১৪,৭৬,০০ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ২৩০৮২,৭৩,২৪ | ২৩০৮২,৭৩,২৪ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৩৬,৫১,০০ | ৩৬,৫১,০০ |
| ২১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ২৬৩১৩,৯৬,৮২ | ২৬৩১৩,৯৬,৮২ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ০ | ৩৬৪৮৭,২৪,০০ | ৩৬৪৮৭,২৪,০০ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ২১২০৪,০৫,০০ | ২১২০৪,০৫,০০ |
| ২৪ | স্বাস্থ্য সেবা বিভাগ | ০ | ২৫৯১৩,৯৭,০০ | ২৫৯১৩,৯৭,০০ |
| ২৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০ | ১৭২০,৬৮,০০ | ১৭২০,৬৮,০০ |
| ২৬ | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ০ | ৯১২৫,৪৭,০০ | ৯১২৫,৪৭,০০ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪১৯১,১৫,১৩ | ৪১৯১,১৫,১৩ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৩৬৫,২৮,০০ | ৩৬৫,২৮,০০ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৬৩৪৫,৩১,০০ | ৬৩৪৫,৩১,০০ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ১০০৮,৪৬,০০ | ১০০৮,৪৬,০০ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫৮৭,৮২,০০ | ৫৮৭,৮২,০০ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২২৩৯,৮৪,০০ | ২২৩৯,৮৪,০০ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ১১২১,৬০,০০ | ১১২১,৬০,০০ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৩৯২১৯,৪৬,০০ | ৩৯২১৯,৪৬,০০ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ১৭৯১,৩৬,০০ | ১৭৯১,৩৬,০০ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ১৫৮৪,৯০,০০ | ১৫৮৪,৯০,০০ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৭ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৭০১,৯১,০০ | ৭০১,৯১,০০ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৬৯১,৫৫,০০ | ৬৯১,৫৫,০০ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ২০৮৬,৪৯,০০ | ২০৮৬,৪৯,০০ |
| ৪০ | কৃষি মন্ত্রণালয় | ০ | ১৬২০১,৪৪,০০ | ১৬২০১,৪৪,০০ |
| ৪১ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ০ | ৩৪৩৭,২১,৮০ | ৩৪৩৭,২১,৮০ |
| ৪২ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ১২২২,৬৪,০০ | ১২২২,৬৪,০০ |
| ৪৩ | ভূমি মন্ত্রণালয় | ০ | ২২২৮,৩৮,৩৮ | ২২২৮,৩৮,৩৮ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৮৮২৬,৫৮,০০ | ৮৮২৬,৫৮,০০ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | ৫,০০ | ১৭৭৮১,৬০,২২ | ১৭৭৮১,৬৫,২২ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৯৯৫০,৮৩,৩৫ | ৯৯৫০,৮৩,৩৫ |
| ৪৭ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ৮,০০,০০ | ৩২৯৩৩,৯৮,০০ | ৩২৯৪১,৯৮,০০ |
| ৪৮ | রেলপথ মন্ত্রণালয় | ০ | ১৭৫৪৩,৭৫,০০ | ১৭৫৪৩,৭৫,০০ |
| ৪৯ | নৌপরিবহন মন্ত্রণালয় | ০ | ৫১৩৭,৩৩,০০ | ৫১৩৭,৩৩,০০ |
| ৫০ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০ | ৪০৩১,৭৬,০০ | ৪০৩১,৭৬,০০ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২৫৫৪,৯৩,০০ | ২৫৫৪,৯৩,০০ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১১৮২,৩৩,৩১ | ১১৮২,৩৩,৩১ |
| ৫৩ | বিদ্যুৎ বিভাগ | ০ | ২৫৩৯৭,৮৪,০০ | ২৫৩৯৭,৮৪,০০ |
| ৫৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৬৩৪২,৮৪,০০ | ৬৩৪২,৮৪,০০ |
| ৫৫ | দুর্নীতি দমন কমিশন | ১৩৮,১৩,০০ | ২১,১৫,০০ | ১৫৯,২৮,০০ |
| ৫৬ | সেতু বিভাগ | ০ | ৯৮২০,২৩,০০ | ৯৮২০,২৩,০০ |
| ৫৭ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০ | ৯১৫৪,৩০,০০ | ৯১৫৪,৩০,০০ |
| ৫৮ | সুরক্ষা সেবা বিভাগ | ০ | ৩৮০৮,১১,৮৬ | ৩৮০৮,১১,৮৬ |
| ৫৯ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ০ | ৬৮১৬,৭০,০০ | ৬৮১৬,৭০,০০ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **২৩৮৮৮০,২৪,০০** | **৫৫৪০৩২,৭১,০৯** | **৭৯২৯১২,৯৫,০৯** |

**উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি**

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আ হ ম মুস্তফা কামাল**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.